হে মুহাজির ও আনসারের দল! তোমাদের ভাইদের মধ্যে এমন কিছু লোক রয়েছে, যাদের কোনো মাল নেই, স্বগোত্রীয় লোকও নেই। সুতরাং তোমাদের প্রত্যেকে যেন দুই অথবা তিনজনকে সঙ্গে নিয়ে নেয়।

জাবের রাদিয়াল্লাহু ‘আনহু সূত্রে রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে বর্ণিত। তিনি জিহাদে যাওয়ার ইচ্ছা করলেন, ফলে তিনি বললেন, “হে মুহাজির ও আনসারের দল! তোমাদের ভাইদের মধ্যে এমন কিছু লোক রয়েছে, যাদের কোনো মাল নেই, স্বগোত্রীয় লোকও নেই। সুতরাং তোমাদের প্রত্যেকে যেন দুই অথবা তিনজনকে সঙ্গে
নিয়ে নেয়। কারণ, আমাদের কারো এমন কোনো সাওয়ারী নেই, যে কাউকে সাওয়ারীর পিঠে চড়াবে, তবে পালাক্রমে ছাড়া।” জাবের রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, সুতরাং আমি দু’জন অথবা তিনজনকে সাথে নিলাম এবং তাদের মতোই আমার উটে পালাক্রমে চড়তাম। [সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

অর্থ: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদের নির্দেশ দেন, তারা যেন পালাক্রমে দুইজন এবং তিনজন করে একটি উটের উপর আরোহণ করে। যাতে প্রত্যেক ব্যক্তিই সমান হয়ে যায়।

https://sunnah.global/hadeeth/bn/show/6005